শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা-শাখা-১
বাংলাদেশ সচিবালয়,
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২-৭০

তারিখ ঃ ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী জ্যেষ্ঠ প্রভাষক/সহকারি অধ্যাপক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব এর নিম্নে নয়) | সদস্য |
| ৩. | পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | প্রতিনিধি, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) | সদস্য |
| ৫. | উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

| | |
|---|---|
| (ক) | গঠিত কমিটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবেন; |
| (খ) | পদোন্নতি প্রদানের ক্ষেত্রে কমিটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ যথাযথভাবে অনুসরণ করবেন। এ বিষয়ে বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ/প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করতে হবে; |
| (গ) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী উক্ত কমিটি আলিম মাদ্রাসার ক্ষেত্রে জ্যেষ্ঠ প্রভাষক এবং ফাজিল ও কামিল মাদ্রাসার ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি প্রদানের সুপারিশ করবেন এবং উক্ত সুপারিশের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর পদোন্নতির আদেশ জারি করবেন; |
| (ঘ) | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ সর্বশেষ পরিমার্জিত) এর আলোকে পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে:<br>(i) এমপিও প্রাপ্তি থেকে জ্যেষ্ঠতা;<br>(ii) এমপিওভুক্তি একই তারিখে হওয়ার ক্ষেত্রে যোগদানের তারিখ;<br>(iii) যোগদানের তারিখ একই হওয়ার ক্ষেত্রে জন্ম তারিখ;<br>(iv) জন্ম তারিখ একই হওয়ার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা;<br>(v) উচ্চতর ডিগ্রি (যেমন: বি.এড/এম.এড/এমফিল/পিএইচডি);<br>(vi) গবেষণাকর্ম/স্বীকৃত জার্নালে প্রকাশিত প্রবন্ধ ;<br>(vii) পাবলিক পরীক্ষা সংক্রান্ত ফৌজদারী মামলা চলমান আছে কিনা;<br>(viii) নৈতিক স্খলন বা অন্য কোন কারণে সাময়িক বরখাস্ত আছেন কিনা। |
| (ঙ) | প্রতিষ্ঠান প্রধানগণ কমিটির আহবায়ক বরাবর পদোন্নতির প্রস্তাব প্রেরণ করবেন; পদোন্নতির প্রস্তাব অনলাইনে প্রেরণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। তবে সাময়িকভাবে হার্ডকপিতে প্রেরণ করা যাবে। |
| (চ) | প্রস্তাব প্রাপ্তির অনধিক ৩০ দিনের মধ্যে কমিটি প্রস্তাব নিষ্পন্ন করবেন। |

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২২/৮/২০২২
সুলতানা আক্তার
উপসচিব
ফোন: ৫৫১০১১২৭

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২-৭০/১(১০)

তারিখ ঃ ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলী রোড, ঢাকা।

৩) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কতৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম, ধানমন্ডি, ঢাকা।

৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সীবাজার, ঢাকা।

৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) উপসচিব (এমপিও), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব-সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

১০) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২২/৮/২০২২

সুলতানা আক্তার
উপসচিব
ফোন: ৫৫১০১১২৭